গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(সাধারণ শাখা)
www.lalmonirhat.gov.bd

সভাপতি	**এইচ এম রকিব হায়দার** জেলা প্রশাসক, লালমনিরহাট।
বিষয়	মার্চ, ২০২৫ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী
তারিখ ও সময়	১৬ মার্চ ২০২৫ খ্রি. সকাল- ১০:০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
সূত্র	মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার স্মারক নং- ০৪.০০.০০০০.৫১২.৩৫.০১৮.১৫-৩৮৪ তারিখ: ০১ অক্টোবর ২০১৫

উপস্থিতি: সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-'ক' এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট **'খ'**-তে দেখানো হলো।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

২.১। গত সভার সিদ্ধান্ত দৃঢ়ীকরণ:

জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাটকে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর জন্য অনুরোধ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট গত ১৬-০২-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় এবং বিভাগওয়ারি কার্যক্রমের উপর ব্যাপক আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.২। গত মাসের সভার সিদ্ধান্ত ও কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ক্রম	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	ওয়েবপোর্টাল হালনাগাদ কার্যক্রম	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, লালমনিরহাট হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, জেলা পর্যায়ের ৭২টি দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদের জন্য নিয়মিত তাগিদ ও প্রয়োজনে কারিগরি সহযোগিতা ও প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সর্বশেষ পর্যবেক্ষণে ৬১টি দপ্তরের ওয়েবপোর্টালে ০৭টি প্রয়োজনীয় সূচক/মেন্যুর সবগুলোই হালনাগাদ পাওয়া গেছে এবং বাকি ১১টি দপ্তরের অধিকাংশ সূচক/মেন্যু হালনাগাদ আছে। ওয়েবপোর্টাল হালনাগাদের বিষয়ে নিয়মিত কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে। এসাথে স্ব-স্ব দপ্তরের ওয়েবপোর্টালে নিজ দপ্তরের কার্যক্রম/সেবা হালনাগাদ করতে নিয়মিত তাগিদ প্রদান করা হচ্ছে। অফিসে গিয়ে তদারকিসহ দপ্তরসমূহের ওয়েবপোর্টাল হালনাগাদ করার কারিগরি সহায়তা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। সকল অফিস প্রধানকে নিয়মিত স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। ২। জেলা পর্যায়ে প্রোগ্রামার এবং উপজেলা পর্যায়ে সহকারী প্রোগ্রামার প্রতি সপ্তাহে ০৩ কার্যদিবসে ০৪টি অফিসে গিয়ে তদারকিসহ দপ্তর সমূহের ওয়েবপোর্টাল হালনাগাদ করার কারিগরি সহায়তা প্রদান করবেন।	১। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ২। প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
০২.	ডি- নথি সংক্রান্ত	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, লালমনিরহাট হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, জেলা পর্যায়ের ৪৭টি দপ্তর নথি সিস্টেমে লাইভ সার্ভারে যুক্ত রয়েছে। সকল দপ্তরকে ডি-নথি সিস্টেমে আপগ্রেড করা হয়েছে। ডি-নথি ব্যবহার ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন দপ্তরকে ডি-নথি ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং সকল দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগের মাধ্যমে নথি সিস্টেম ব্যবহারে উদ্বুদ্ধ করাসহ কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে। সকল দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগের মাধ্যমে নথি সিস্টেম ব্যবহারে উদ্বুদ্ধ করাসহ কারিগরি সহায়তা প্রদান অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। লাইভে থাকা সকল অফিসের চিঠিপত্রের কার্যক্রম ডি-নথিতে নিষ্পন্ন করতে হবে। ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সকল কাজ ডি-নথি তে নিষ্পন্ন করতে হবে।	১। সকল দপ্তর প্রধান ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ লালমনিরহাট

চলমান পাতা নং- ০২

ক্রম	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৩.	জেলা পরিষদ, লালমনিরহাট	প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, লালমনিরহাট সভায় জানান যে, জেলা পরিষদের দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। বৈষম্য বিরোধী আন্দোলনে জেলায় শহিদ ১২(বার) জন পরিবারের মাঝে ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা (প্রতিজনে) হারে মোট ২৪,০০,০০০/- (চব্বিশ লক্ষ) টাকা প্রদান করা হয়েছে এবং ০৫(পাঁচ) জন আহত পরিবারের মাঝে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক চলমান উন্নয়ন প্রকল্পগুলো যাচাই-বাছাই অন্তে ১০০% কাজ সমাপ্তি সাপেক্ষে বিল প্রদান করা হচ্ছে। এডিপির সাধারণ বরাদ্দ গৃহীত উন্নয়ন প্রকল্প/কর্মসূচি ৩৯১টি মোট বরাদ্দ ৯,২৮,২৫,০০০/- (নয় কোটি আটাশ লক্ষ পঁচিশ হাজার) টাকা, বাস্তবায়িত প্রকল্প ৩০৫টি, বাস্তবায়নের হার ৮৬.৫%। কাজের গুণগতমান বজায় রেখে নির্মাণ/সংস্কার কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার আলোচনা হয়।	১। কাজের গুণগতমান বজায় রেখে নির্মাণ/সংস্কার কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।	১. প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ লালমনিরহাট
০৪.	লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট	প্রশাসক, লালমনিরহাট পৌরসভা সভায় জানান যে, লালমনিরহাট পৌরসভা "কোভিড-১৯" প্রকল্পের বরাদ্দ দ্বারা গৃহীত উন্নয়ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা: প্রাপ্ত বরাদ্দ ৮,৮২,৩৯,৪৫৪/- (আট কোটি বিরাশি লক্ষ উনচল্লিশ হাজার চারশত চুয়ান্ন) টাকা, ৮টি প্যাকেজে ৪৮টি রাস্তা ও ড্রেন নির্মাণ প্রকল্প। সকল প্রকল্প টেন্ডার/ইজিপির মাধ্যমে দাখিল হয়েছে। কাজের অগ্রগতি ৭০%। ০২টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। ৩টি প্যাকেজের কাজ ৯০%, ০১টি প্যাকেজের কাজ শীঘ্রই শুরু হবে এবং ০২টি প্যাকেজের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। রংপুর বিভাগের "০৯ পৌরসভা" প্রকল্প হতে প্রাপ্ত বরাদ্দ হতে গৃহীত অগ্রগতি পর্যালোচনা: প্রাপ্ত বরাদ্দ ৩৪,৩৪,৩২,০০০/- (চৌত্রিশ কোটি চৌত্রিশ লক্ষ বত্রিশ হাজার) টাকা, পৌরসভার ০৯টি ওয়ার্ডে ১৩টি প্যাকেজে ২৩টি প্রকল্পের রাস্তা ও ড্রেন নির্মাণ প্রকল্প। সকল প্রকল্প টেন্ডার/ইজিপির মাধ্যমে করা হবে। কাজের অগ্রগতি ৩০%। ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি হতে প্রাপ্ত বরাদ্দ দ্বারা গৃহীত উন্নয়ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা: প্রাপ্ত বরাদ্দ ৫৯,২৫,০০০/- (উনষাট লক্ষ পঁচিশ হাজার) টাকা (১ম ও ২য় কিস্তি), ১৫টি গ্রুপের দরপত্র আহ্বান করা হয়েছে।	গুণগতমান বজায় রেখে সকল উন্নয়ন কাজ দ্রুত শেষ করতে হবে।	প্রশাসক লালমনিরহাট পৌরসভা
০৫.	পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট	প্রশাসক, পাটগ্রাম পৌরসভা সভায় জানান যে, গৃহীত গুরুত্বপূর্ণ প্রকল্প/কর্মসূচির নাম IUGIP, মোট বরাদ্দ ২৭,০০,০০,০০০,/- (সাতাশ কোটি) টাকা, বাস্তবায়িত প্রকল্প /কর্মসূচির সংখ্যা- ০৩টি, বাস্তবায়নের হার ৫০%। খ) প্রকল্প/কর্মসূচির নাম- কোভিড, মোট বরাদ্দ ২,৪২,০০,০০০/- (দুই কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা, বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির সংখ্যা- ০২টি, বাস্তবায়নের হার ৯০%। গ) প্রকল্প/কর্মসূচির নাম- এডিপি, মোট বরাদ্দ ৯০,১৮,০০০/- (নব্বই লক্ষ আঠারো হাজার) টাকা, বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির সংখ্যা- ১৫টি, টেন্ডার সম্পন্ন হয়েছে।	গুণগতমান বজায় রেখে সকল উন্নয়ন কাজ দ্রুত শেষ করতে হবে।	প্রশাসক পাটগ্রাম পৌরসভা

চলমান পাতা নং- ০৩

ক্রম	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৬.	পুলিশ বিভাগ, লালমনিরহাট	পুলিশ সুপার, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। কোনো ব্যক্তি যাতে কোনো উন্নয়ন কার্যক্রম ব্যাহত করতে না পারে সে বিষয়ে সংবাদ পাওয়া মাত্র আইনগত ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান আছে। জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পুলিশ সুপার লালমনিরহাট
০৭.	আনসার ও ভিডিপি, লালমনিরহাট	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, ১০ দিনের প্রশিক্ষণে প্রতিদিন ৬৪ জন করে গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে প্রশিক্ষণ দেওয়া হয়। তিনি আরও জানান এ জেলার ০৫ টি উপজেলার প্রত্যেকটি ইউনিয়নের আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের নিয়ে মাদকদ্রব্য ও চোরাচালান, বাল্যবিবাহ, নারী-শিশু নির্যাতন, মানব পাচার, গরু চুরি, ইভটিজিং, ডাকাতি, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ বিরোধী সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও আনসার ও ভিডিপি সদস্যদের নিয়ে সদর উপজেলার খুনিয়াগাছ, আদিতমারী উপজেলার ভেলাবাড়ী, কালীগঞ্জ উপজেলার চন্দ্রপুর, হাতীবান্ধা উপজেলার টংভাঙ্গা ও পাটগ্রাম উপজেলার বাউরা ইউনিয়নে উপরোক্ত বিষয়গুলোর উপর সচেতনতামূলক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।	সকল ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে আনসার ও ভিডিপি সদস্যদের নিয়ে মাদক দ্রব্য ও চোরাচালান, বাল্যবিবাহ, নারী-শিশু নির্যাতন, মানব পাচার, ইভটিজিং, ডাকাতি, জঙ্গিবাদ বিরোধী সচেতনতা- মূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি লালমনিরহাট
০৮.	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, লালমনিরহাট	উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স লালমনিরহাট সভায় জানান যে, অগ্নিকান্ডের সংখ্যা ৫৬, অগ্নিকান্ডে আনুমানিক ক্ষতি ১১,২,০০০/- অগ্নিকান্ডে আনুমানিক উদ্ধার ৩৮,৮০,০০০ জন, সড়ক দূর্ঘটনা ও অন্যান্য ১৩, আহত উদ্ধার ১৭, নিহত উদ্ধার ০০, রোগী পরিবহনের সংখ্যা- ০১, রোগী পরিবহনের ফি আদায়- ১,০০০/- মৌলিক প্রশিক্ষণের সংখ্যা- ১৯৭ জন, সাধারণ প্রশিক্ষণ ৯৯ জন। আদিতমারী ও কালীগঞ্জ ফায়ার স্টেশনে এ্যাম্বুলেন্স নাই এবং লালমনিরহাট সদর ফায়ার স্টেশনের এ্যাম্বুলেন্স কনডেম। যে সকল ফায়ার স্ট্যারিংয়েল মেয়াদ শেষ হয়েছে। তা জরুরিভিত্তিতে অপসারণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। অগ্নি ঝুঁকি মোকাবেলায় প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। ২। প্রতি উপজেলায় হাট-বাজার এবং বড় বড় শপিংমলে অগ্নিকাণ্ড প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপ-সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স লালমনিরহাট
০৯.	২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট	তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট সভায় জানান যে, তার হাসপাতালের অপারেশনের তথ্য নিম্নরূপ: ১. জেনারেল সার্জারি মেজর অপারেশন- ৫৪টি, ২. জেনারেল সার্জারি মাইনর অপারেশন- ৫০ টি, ৩. জরুরি বিভাগ (লোকাল)- ২০ টি, ৪. সিজারিয়ান সেকশন (মেজর অপারেশন)- ২০ টি, ৫, নরমাল ডেলিভারি- ৬৭ টি জানুয়ারি/ ২০২৫ সময়ে রোগীর পরিসংখ্যান: বহি:বিভাগ- ২৯,০৩৭ জন জরুরি বিভাগ- ৩,৩৬৩ জন অন্ত:বিভাগ- ৫,৯৭৮ জন হাসপাতালের চিকিৎসকদের তথ্য নিম্নরূপ: মঞ্জুরীকৃত পদ- ৪১, কর্মরত- ১৮, শূন্যপদ- ২২। ডাক্তার সংকট থাকার পরও অপারেশনসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	১। ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালে শূন্যপদ পূরণের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করতে হবে। ২। সকল রোগীকে সঠিকভাবে সেবা প্রদান করতে হবে।	তত্ত্বাবধায়ক ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল লালমনিরহাট

(চলমান পাতা নং- ০৪)

ক্রম	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১০.	সিভিল সার্জনের কার্যালয়, লালমনিরহাট	সিভিল সার্জন, লালমনিরহাট সভায় জানান যে, ৫০% জনবল দিয়ে স্বাস্থ্যসেবা কার্যক্রম চলমান। ১৮০টি কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ নিয়মিত তদারকির কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ১,৯৮,৮১৪ জন শিশুকে খাওয়ানো হয়েছে। ৯৯% কভারেজ হয়েছে। ০৪টি উপজেলার মধ্যে শুধু আদিতমারী উপজেলায় সিজারের চেয়ার রয়েছে। পর্যাপ্ত ঔষধসহ সদর হাসপাতালে বিশেষজ্ঞ ডাক্তারের তত্ত্বাবধানে ডেঙ্গি কর্নারের কার্যক্রম অব্যাহত আছে। ডেঙ্গি কিট মজুদ আছে। এ জেলায় হাসপাতালে কোন ডেঙ্গি রোগী ভর্তি নাই। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কমিউনিটি ক্লিনিকগুলোতে জরুরি/প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ যেন কার্যকর থাকে তা প্রতিনিয়ত পরিবীক্ষণ করতে হবে। ২। ডেঙ্গি মোকাবিলায় হাসপাতালে বিশেষজ্ঞ ডাক্তার এর তত্ত্বাবধানে ডেঙ্গি কর্নারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। সিভিল সার্জন লালমনিরহাট
১১.	পরিবার পরিকল্পনা বিভাগ লালমনিরহাট	উপপরিচালক, পরিবার পরিকল্পনা, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, ফেব্রুয়ারি ২০২৫ মাসে মা ও শিশু ও প্রজনন কার্যক্রম বাস্তবায়ন মনিটরিং প্রতিবেদন মোতাবেক মোট সক্ষম দম্পতি ২,৭৮,১৮৪ জন, স্থায়ী পদ্ধতি অর্জনের হার ১০৫.৪৪%, আইইউডি হার ২৯.৩৪%, ইমপ্ল্যান্ট ১৪৩.৮৮%, খাবার বড়ি ৯২.৭৩%, কনডম ৬৮.৭০%, ইনজেকটেবলস ১০৯.৫৭% সর্বমোট গ্রহণকারীর সংখ্যা- ২,২৪,৯৭৯ জন, সিএআর হার- ৮০.৮৭%। শিশুদের জন্ম নিবন্ধন করার বিষয়ে ব্যাপক প্রচার/প্রচারণা চালানোর জন্য সভায় আলোচনা হয়।	১। মা ও শিশুকল্যাণ কেন্দ্রে সকল সেবা চালু রাখার ব্যবস্থা করতে হবে। ২। শিশুদের জন্ম নিবন্ধন করার বিষয়ে ব্যাপক প্রচার/ প্রচারণা চালাতে হবে।	উপপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর লালমনিরহাট
১২.	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর লালমনিরহাট	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, খরিপ মৌসুম চলছে। ২০২৪-২০২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে খরিপ-১ মৌসুমে উফশী আউশ আবাদ ও উৎপাদন বৃদ্ধির নিমিত্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও চারা ক্রয় এবং আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় সহায়তা কর্মসূচির প্রণোদনা বাস্তবায়নের জন্য ৩০,১০,০০০/-(ত্রিশ লক্ষ দশ হাজার) টাকার বরাদ্দ উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে চেক প্রদান করা হয়েছে। তিনি আরও জানান বাড়ীর আশে-পাশে পতিত জমিতে শাক-সবজি, বস্তায় আদা ও মরিচ চাষ এবং ছাদ বাগান করার বিষয়ে সকলকে অনুরোধ জানান। বরাদ্দকৃত সার উত্তোলন ও বিক্রয় কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং অব্যাহত রয়েছে। ডিলার পর্যায়ে সার মজুদের পরিমাণ যথাক্রমে ইউরিয়া ২৪৮৫ মে.টন, টিএসপি ৩১০ মে.টন, ডিএপি ৪২০ মে.টন, এমওপি ৭৫০ মে.টন এবং মহেন্দ্রনগর বাফার গুদামে সার মজুদের পরিমাণ যথাক্রমে ইউরিয়া ৫৫৮৫ মে.টন, টিএসপি ১১৭৭ মে.টন, ডিএপি ১২ মে.টন, এমওপি ৩৫২১ মে.টন। কৃষকগণ যাতে সকল সুবিধা পায়, সে জন্য কৃষকদের তালিকা সঠিকভাবে হালনাগাদকরণ কার্যক্রম অব্যাহত আছে। খুচরা সার বিক্রেতাগণ যাতে দোকানের সামনে লালসালু কাপড়ে সারের মূল্য তালিকা প্রদর্শন করে সে বিষয়ে পরিবীক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে।	১। বরাদ্দকৃত সার উত্তোলন ও বিক্রয় কার্যক্রমে নিবিড় পরিবীক্ষণ অব্যাহত রাখতে হবে। ২। সারের মূল্য সরকারি নির্ধারিত মূল্যের চেয়ে যেন বেশি মূল্যে বিক্রি না হয় তা পরিবীক্ষণ করতে হবে। ৩। খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। পতিত জমিতে ফসল ফলাতে হবে। কোনো জমি যেন অনাবাদি না থাকে সে লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১. উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর লালমনিরহাট ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) লালমনিরহাট

(চলমান পাতা নং- ০৫)

ক্রম	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১৩.	খাদ্য বিভাগ, লালমনিরহাট	জেলা খাদ্য নিয়ন্ত্রক, লালমনিরহাট সভায় তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন। আমন/২০২৪-২৫ সংগ্রহ: অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৪-২০২৫ মৌসুমে অত্র জেলায় মোট ৫৬৪৮.০০০ মে.টন ধান অতিরিক্ত বরাদ্দসহ ৬৭৭৪.৪৫০ মে.টন সিদ্ধ চাল ও ৯৬.০০০ মে.টন আতপ চালের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। যার বিপরীতে আমন/২০২৪-২০২৫ সংগ্রহ মৌসুমে জেলায় ২৬০ মে.টন ধান, ৬৮৩৭.১৫০ মে.টন সিদ্ধ চাল, ৪৮.৬০০ মে.টন আতপ চাল সংগৃহীত হয়েছে। **ও.এম.এস কার্যক্রম:** লালমনিরহাট জেলা সদরে ১৩(তের) জন ডিলারের মাধ্যমে সপ্তাহে ০৫ দিন দৈনিক ৫.০০০ মেঃ টন চাল ৩০/- (ত্রিশ) টাকা কেজি দরে এবং ৫.০০০ মে.টন আটা ২৪/- (চব্বিশ) টাকা কেজি দরে খোলা বাজারে ভোক্তাদের মাঝে বিক্রয় করা হচ্ছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে ওএমএস কার্যক্রমের আওতায় লালমনিরহাট জেলায় ১১/০৩/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট ৮০৯.৪৮৫ মে.টন চাল ও ৮৪০.৮৩০ মে.টন আটা বিক্রি হয়েছে। জেলার ওএমএস কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করা হচ্ছে। **খাদ্যবান্ধব কর্মসূচি:** জেলার ০৫টি উপজেলায় ১৩১ জন ডিলারের মাধ্যমে ৬১,২৪৪ জন ভোক্তার মাঝে ১৫/- (পনের) টাকা কেজি দরে ৩০ কেজি চাল ভোক্তাদের মাঝে বিক্রয় করা হচ্ছে।	১। ২০২৪-২০২৫ অর্থ বছরের আমন সংগ্রহের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে। ২। মজুদ এবং সরবরাহ থাকা সত্ত্বেও কেউ যেন মজুদ করে পণ্যের মূল্য বৃদ্ধির অপচেষ্টা করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। পুরাতন ডিলারের মাধ্যমে চাল/আটা বিতরণ কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে।	জেলা খাদ্য নিয়ন্ত্রক লালমনিরহাট
১৪.	বিএডিসি (বীজ বিপণন) বিভাগ, লালমনিরহাট	সহকারী পরিচালক, বিএডিসি (বীজ বিপণন), লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম উপস্থাপনের অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক বীজ বিপণন লালমনিরহাট
১৫.	জেলা বীজ প্রত্যয়ন কর্মকর্তার কার্যালয়, লালমনিরহাট	জেলা বীজ প্রত্যয়ন কর্মকর্তা, লালমনিরহাট সভায় জানান যে, বোরো ধানের ৮টি বেসরকারি প্রতিষ্ঠান; আবেদনকৃত এলাকা ১৮০.৯৬ হেক্টর। আমন ধানের ৪টি বেসরকারি প্রতিষ্ঠান গৃহীত জমির পরিমাণ ৭৯.২৫ হেক্টর; বীজ উৎপাদন ৩২৫.০৩ মে.টন। আলুর ০১টি সরকারি প্রতিষ্ঠান; আবেদনকৃত এলাকা ১৮.৬২ হেক্টর। এছাড়াও মার্কেট মনিটরিং এর আওতায় জেলা ও উপজেলার বিভিন্ন হাট ও বাজারে মনিটরিং কার্যক্রম চলমান।	বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে সম্পন্ন করতে হবে এবং গুণগতমানের বীজ উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করতে হবে।	জেলা বীজ প্রত্যয়ন কর্মকর্তা লালমনিরহাট
১৬.	বিএডিসি (সেচ) লালমনিরহাট	নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (সেচ), লালমনিরহাট সভায় জানান যে, বোরো মৌসুমে জেলার সকল সেচ পাম্প চালু রয়েছে।	সকল সেচ পাম্প যেন চালু থাকে সে বিষয়ে পরীবীক্ষণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী বিএডিসি (সেচ) লালমনিরহাট
১৭.	কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয় লালমনিরহাট	কৃষি বিপণন কর্মকর্তা, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, কৃষি বিপণন আইন, ২০১৮ অনুযায়ী কৃষি পণ্যের ব্যবসা পরিচালনার জন্য কৃষি পণ্যের ব্যবসা পরিচালনার লাইসেন্স নতুন/নবায়নকরণ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রয়েছে। ফেব্রুয়ারি/২০২৫খ্রি. মাসে কৃষি পণ্যের ব্যবসা পরিচালনার লাইসেন্সের ফি বাবদ ৬৪,৬০০/- (চৌষট্টি হাজার ছয়শত) টাকা আদায়পূর্বক চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।	১। নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। ২। নিয়মিতভাবে বাজার পরিবীক্ষণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) লালমনিরহাট

(চলমান পাতা নং- ০৬)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		২০২৪-২০২৫ অর্থ বছরে প্রকল্পের আওতায় নির্মিতব্য সদর উপজেলায় ০৭টি, আদিতমারী উপজেলায় ০৬টি ও কালীগঞ্জ উপজেলায় ০২টি মোট ১৫টি আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ কাজ চলমান রয়েছে। ১০ জন কৃষক অহিমায়িত মডেল ঘরে আলু সংরক্ষণ করতে পারবেন এবং অন-দ্যা-জব প্রশিক্ষণের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরে ১০০ জন কৃষি উদ্যোক্তা তৈরির কাজ চলমান আছে।		২। কৃষি বিপণন কর্মকর্তা লালমনিরহাট
১৮.	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ লালমনিরহাট	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ফেব্রুয়ারি ২০২৫ মাসে জেলার সদর, কালীগঞ্জ ও হাতীবান্ধা উপজেলায় ১৭টি হোটেল-রেস্তোরাঁ, ০২টি পথ খাবারের দোকান, ০২টি মিষ্টির দোকান এবং ০২টি পাইকারী ও খুচরা বাজারসহ মোট ২৫ টি খাদ্য স্থাপনায় পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। পরিদর্শনকালে দৃশ্যমান যাবতীয় ত্রুটি-বিচ্যুতি সংশোধনের জন্য বিজ্ঞানভিত্তিক পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও খাদ্য স্থাপনায় নিয়োজিত খাদ্যকর্মীদের অন-স্পট নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান হয়। গত ১০/০২/২০২৫ তারিখে মদিনা বেকারী, বিসিক, আদিতমারী; ১২/০২/২০২৫ তারিখে কুলাঘাট বাজার, সদর; ২৪/০২/২০২৫ তারিখে তুষভান্ডার বাজার ও কালীগঞ্জ বাজার, কালীগঞ্জ এবং ২৫/০২/২০২৫ তারিখে সেনা মৈত্রী বাজার, সদর; মোট ০৪(চার) টি অভিযান পরিচালনা করা হয়।	১। নিরাপদ খাদ্য বিভাগের সকল কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। ২। নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, লালমনিরহাট
১৯.	ভোক্তা অধিদপ্তর লালমনিরহাট	সহকারী পরিচালক, ভোক্তা অধিদপ্তর, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত করতে অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক ভোক্তা অধিদপ্তর লালমনিরহাট
২০.	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ লালমনিরহাট	সহকারী প্রকৌশলী, বিএমডিএ, লালমনিরহাট জানান যে, জেলায় মোট চালুকৃত গভীর নলকূপ ২৯২টি। তিনি আরও জানান, বৃহত্তর রংপুরের মধ্যে এ জেলায় এলপি ১১টি গভীর নলকূপ চালু রয়েছে।	১। নীতিমালার আলোকে যথাযথভাবে স্থান নির্বাচন করে গভীর নলকূপ এর মাধ্যমে পানি সরবরাহ নিশ্চিত করতে হবে।	সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ লালমনিরহাট
২১.	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট লালমনিরহাট	বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, লালমনিরহাট সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলার **৬৩** জন কৃষকের জমির মাটির নমুনা পরীক্ষার করে সার সুপারিশ কার্ড বিতরণ করা হয়েছে। অনলাইন ডাটার ভিত্তিতে মহেন্দ্রনগর ইউনিয়নের ৩০ জন কৃষকের মাঝে ৯০টি সার সুপারিশ কার্ড বিতরণ করা হয়েছে। জেলার অম্লীয় মাটি ব্যবস্থাপনার জন্য আলু, গম, সরিষা ফসলের ৬টি গবেষণা ট্রায়াল/প্রদর্শনীর মধ্যে ২টি সরিষা ও ২টি আলুর ফসল কর্তন করে ডাটা সংগ্রহ করা হয়েছে। রাজস্ব খাতের অর্থায়নে মাটি পরীক্ষা ভিত্তিক সার সুপারিশ করে ২টি প্রদর্শনীর (গম, সরিষা) মধ্যে সরিষা কর্তন করে ৪০ জন কৃষক নিয়ে মাঠ দিবস পালন করা হয়েছে। ফলন বৃদ্ধি ২২%, সার বাবদ বিঘা প্রতি খরচ কমেছে ৭৮৫ টাকা।	১। প্রশিক্ষণের তারিখ ও সময় স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে। ২। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লালমনিরহাটসহ মাটি ও বীজ সংক্রান্ত সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে সমন্বয় করে কার্যক্রম সম্পাদন করতে হবে।	১।প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট লালমনিরহাট

(চলমান পাতা নং- ০৭)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২২.	মসলা গবেষণা উপকেন্দ্র লালমনিরহাট	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম জানা গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা লালমনিরহাট
২৩.	জেলা মৎস্য বিভাগ লালমনিরহাট	জেলা মৎস্য কর্মকর্তা, লালমনিরহাট সভায় জানান যে, উৎপাদিত পণ্যের গুণগতমান ও খাদ্য নিরাপত্তা (ফুড সেফটি) বজায় রাখার স্বার্থে ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. লালমনিরহাট সদর উপজেলায় ৪০ জন, কালীগঞ্জ উপজেলায় ৪০ জন, আদিতমারী উপজেলায় ৪০ জন এবং পাটগ্রাম উপজেলায় ১০০ জন ও মৎস্য বীজ উৎপাদন খামারী ২০ জন সহ মোট ২৪০ জন মৎস্য চাষীকে গুড অ্যাকুয়াকালচার প্রাকটিস (গ্যাপ) বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন- ১৯৫০ এর আওতায় ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. বিভিন্ন উপজেলায় ১০ টি অভিযান পরিচালনা করে মোট ৩৭ টি চায়না দুয়ারী জাল বিনষ্ট করা হয়েছে এবং নদীতে অবৈধভাবে কাটা দ্বারা মৎস্য আহরণ করার জন্য মোট ৭ টি কাটা বিনষ্ট করা হয়েছে।	১। জেলায় মাছের ঘাটতি পূরণের জন্য গুণগত পোনা উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্যখামারী ও উদ্যোক্তাদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা লালমনিরহাট
২৪.	জেলা প্রাণিসম্পদ বিভাগ লালমনিরহাট	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লালমনিরহাট সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জেলায় মাংসের চাহিদা ৭,৫৮৩ মে. টন। গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প/কর্মসূচির নাম: সিলেট, লালমনিরহাট/কুড়িগ্রাম এবং বরিশাল ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজি স্থাপন প্রকল্প: প্রাক্কলিত অর্থের পরিমাণ- ১৯,১৩৮ লক্ষ÷৩= ৬,৩৭৯.৩৩ লক্ষ টাকা মাত্র। উপজেলা প্রশাসন ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালসমূহের উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে ভ্রাম্যমান পরিবহন ও নির্ধারিত স্থানে দুধ, ডিম ও মাংস বিক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে।	১। নির্ধারিত সময়ের মধ্যে গুণগত মান বজায় রেখে দাপ্তরিক ও উন্নয়ন কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে । ২। প্রতিটি উপজেলায় পবিত্র রমজান মাস উপলক্ষ্যে নির্ধারিত স্থানে দুধ, ডিম ও মাংস বিক্রয় কার্যক্রম চলমান রাখতে হবে।	১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা লালমনিরহাট
২৫.	সড়ক ও জনপথ বিভাগ লালমনিরহাট	নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, ফ্রেবুয়ারি, ২০২৫ মাসে দরপত্র আহ্বান- ০৫টি, কার্যাদেশ প্রদান ০২টি। লালমনিরহাট-টু বুড়িমারী রাস্তা বাঁকা মোড় সোজাকরণ এর প্রাক্কলন প্রস্তুতপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। মোগলহাট রত্নাই ব্রীজের ও কুলাঘাট রত্নাই ব্রীজের কাজ আগামী জুন/২০২৫ এর মধ্যে শেষ হবে। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ও আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতায় অতিরিক্ত ওজনবাহী ট্রাক ও লরি চলাচল নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনার কার্যক্রম চলমান রয়েছে। গৃহীত উন্নয়ন প্রকল্প/কর্মসূচির সংখ্যা-০২টি মোট বরাদ্দ (লক্ষ টাকা) ১৯৮৩.৩২ টাকা ও বাস্তবায়নের হার ৮০%। বুড়িমারী হতে ঢাকাগামী মালবাহী ট্রাকগুলো ওভারলোডিং এর বিষয়টি মনিটরিং এবং পবিত্র ঈদ-উল- ফিতর উপলক্ষ্যে রাস্তার ক্ষতিগ্রস্ত স্থানসমূহ জরুরিভিত্তিতে মেরামত/সংস্কার করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। মোগলহাট রত্নাই ব্রীজের ও কুলাঘাট রত্নাই ব্রীজের কাজ দ্রুত শেষ করতে হবে। ২।বুড়িমারী হতে ঢাকাগামী মালবাহী ট্রাকগুলো ওভারলোডিং এর বিষয়টি মনিটরিং এবং পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে রাস্তার ক্ষতিগ্রস্ত স্থানসমূহ জরুরিভিত্তিতে মেরামত/সংস্কার করতে হবে।	১। নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ লালমনিরহাট

(চলমান পাতা নং- ০৮)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২৬.	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, গৃহীত উন্নয়ন প্রকল্প/কর্মসূচির সংখ্যা- ১৪টি, মোট বরাদ্দ (লক্ষ টাকায়) ১১৫,০০.০০/- টাকা, বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির সংখ্যা- ১৪টি ও বাস্তবায়নের হার ৩৮%। এছাড়া সদর উপজেলার পৌর ভূমি অফিস, আদিতমারী উপজেলার মহিষখোচা ইউনিয়ন ভূমি অফিস এবং হাতীবান্ধা উপজেলার সিংগিমারী ইউনিয়ন ভূমি অফিস নতুন করে স্থাপনের জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে। উন্নয়ন কার্যক্রম যথাসময়ে ও গুণগত মান বজায় রেখে সম্পন্ন করা এবং তা নিয়মিত পরিবীক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। উন্নয়ন কার্যক্রম যথাসময়ে সম্পন্ন এবং হস্তান্তর করতে হবে। ২। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এর আওতাধীন সকল নির্মাণ কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং তা নিয়মিত পরিবীক্ষণ করতে হবে।	১. নির্বাহী প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২৭.	পানি উন্নয়ন বিভাগ লালমনিরহাট	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, তিস্তার মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য জেলায় মতবিনিময় সভা হয়েছে। অত্র দপ্তরাধীন লালমনিরহাট জেলার নদীসমূহের দুর্বল ও ভাঙ্গন প্রবণ নদীর তীরবর্তী স্থান মেরামতের জন্য ২০২৪-২৫ অর্থ বছরের পরিচালনা ব্যয় খাতের আওতায় মেরামত কাজ চলমান রয়েছে। "ধরলা নদীর ডান তীরের ভাঙ্গন হতে লালমনিরহাট জেলার সদর উপজেলা রক্ষা" শীর্ষক প্রকল্পের উপর গণশুনানী করা হয়েছে। অত্র লালমনিরহাট জেলার নদীসমূহ সার্বক্ষনিক পর্যবেক্ষণ করা হয়। গুরুত্বপূর্ণ প্রকল্প/অন্যান্য প্রকল্প/কর্মসূচি: "সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প,মোট বরাদ্দ (লক্ষ টাকা) ১২২২৯.৩৫। প্রকল্পের ১৩ টি প্যাকেজের মধ্যে ১১ টি সমাপ্ত ২টি চলমান; বাস্তবায়নের হার ৯৫.৫০%। জেলার নদী ভাঙ্গন কবলিত এলাকায় প্রতিরক্ষামূলক কাজ চলমান। হাতীবান্ধা উপজেলায় সানিয়াজান ইউনিয়নের তিস্তা নদীর ভাঙ্গন রোধের জন্য "লালমনিরহাট জেলার পাটগ্রাম ও হাতীবান্ধা উপজেলার সানিয়াজান নদী পুনঃখনন" শীর্ষক প্রকল্পের আওতায় কাজটি অন্তর্ভুক্ত করে প্রকল্প প্রস্তাবনা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে।	১। জেলার নদী ভাঙ্গন কবলিত এলাকায় জরুরিভিত্তিতে প্রতিরক্ষামূলক কাজ করতে হবে। ২। হাতীবান্ধা উপজেলায় সানিয়াজান ইউনিয়নের তিস্তা নদীর ভাঙ্গন রোধের জন্য "লালমনিরহাট জেলার পাটগ্রাম ও হাতীবান্ধা উপজেলার সানিয়াজান নদী পুনঃখনন" শীর্ষক প্রকল্পের আওতায় কাজটি অন্তর্ভুক্ত করে প্রকল্প প্রস্তাবনা প্রস্তুতপূর্বক প্রেরণ করতে হবে।	১। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড লালমনিরহাট ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) লালমনিরহাট।
২৮.	গণপূর্ত বিভাগ লালমনিরহাট	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করা হচ্ছে। গৃহীত উন্নয়ন প্রকল্প/কর্মসূচির সংখ্যা-২৫টি মোট বরাদ্দ (লক্ষ টাকায়) ১৭৬৩৬.৮৫/- টাকা, বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির সংখ্যা- ১৪টি ও বাস্তবায়নের হার ৫৬%। লালমনিরহাট সদর, আদিতমারী, কালীগঞ্জ ও হাতীবান্ধা উপজেলা মডেল মসজিদ এবং বুড়িমারী এলসি স্টেশনসহ নির্মাণাধীন অন্যান্য প্রকল্পের কাজ চলমান রয়েছে। উক্ত কাজসমূহ দ্রুত সময়ের মধ্যে সম্পন্নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	সার্কিট হাউজ, মডেল মসজিদসহ সকল নির্মাণাধীন প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ লালমনিরহাট
২৯.	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, প্রকল্পভূক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কাজের সংখ্যা- ২০৮টি, সমাপ্তকৃত প্রকল্প ১৪৯টি এবং ৪০টি প্রকল্পের কাজ চলমান। বাস্তব অগ্রগতি ৯২.০৩%।	নির্মাণাধীন কাজগুলো সঠিকভাবে মনিটরিং করবেন।	১। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট

(চলমান পাতা নং- ০৯)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩০.	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিরাপদ পানির উৎস (নলকূপ স্থাপন) এবং স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা (ওয়াশব্লকনির্মাণ) নিশ্চিতকরণ কাজ স্বাভাবিক আছে। **ওয়াশব্লক নির্মাণ:** পিইডিপি-৪ প্রকল্প মোট ওয়াশব্লক = ২৭৫ টি (সমাপ্ত ২১০টি ও চলমান ৬৫ টি)। জিপিএস-১ প্রকল্প মোট ওয়াশব্লক = ১০৮ টি (সমাপ্ত ৬৯ টি ও চলমান ৩৯ টি)। এনএনজিপিএস-১ প্রকল্প মোট ওয়াশব্লক = ১৭২ টি (সমাপ্ত ১২৩ টি ও চলমান ৪৯ টি)। **নলকূপস্থাপন:** পিইডিপি-৪ প্রকল্প মোট নলকূপ = ৫০০ টি (সমাপ্ত ৫৫টি ও চলমান ৪৪৫ টি)। জিপিএস-১ প্রকল্প মোট নলকূপ = ৬৭ টি (সমাপ্ত২৬ টি ও চলমান ৪১ টি)। এনএনজিপিএস-১ প্রকল্প মোট নলকূপ = ৯৪টি (সমাপ্ত ৯৪টি) ২০২৪-২০২৫ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের মোট এডিপি বরাদ্দ ৫৪০ টি অগভীর নলকূপ (সদর ১০৮ টি, আদিতমারী ৯৬, কালীগঞ্জ ৯৬ টি, হাতিবান্ধা ১৪৪ টি ও পাটগ্রাম ৯৬ টি)। উক্ত অগভীর নলকূপ স্হাপন কাজ চলমান রয়েছে।	১। চলমান কাজ নিয়মিত মনিটরিং করতে হবে। ২। সঠিকভাবে যাচাই-বাছাই করে অগভীর নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে। ৩। পানীয় জলের প্রয়োজনে টিউবওয়েল এর সংখ্যা আরো বাড়ানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট
৩১.	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট	সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), লালমনিরহাট সভায় জানান যে, লালমনিরহাট জেলা ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে বর্জ্য ব্যবস্থাপনা ভবন নির্মাণ বরাদ্দ ২৭১.৮৭ লক্ষ টাকা। ভৌত ৩৯%ও আর্থিক ২৬.১০৩%। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ওপিডি ভবন মেরামত ও সংস্কার কাজ বরাদ্দ ১৪.২৫ লক্ষ টাকা। ভৌত ১০%ও আর্থিক ০। কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সর ওপিডি ভবন মেরামত ও সংস্কার কাজ বরাদ্দ ১৭.০৯ লক্ষ টাকা। ভৌত ৫%ও আর্থিক ০০ । হাতীবান্ধা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ওপিডি ভবন মেরামত ও সংস্কার কাজ বরাদ্দ ৯.৯৭ লক্ষ টাকা। ভৌত ৩০%ও আর্থিক ০০ । কাজ চলমান রয়েছে।	সরকারি বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে উন্নয়ন প্রকল্পের চলমান কাজ সম্পন্ন করতে হবে।	সহকারী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) লালমনিরহাট
৩২.	নেসকো লিমিটেড লালমনিরহাট	নির্বাহী প্রকৌশলী, নেসকো লিমিটেড, বিদ্যুৎ বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, পবিত্র রমজান, গ্রীষ্মকাল ও সেচ মৌসুমে চাহিদার তুলনায় উৎপাদনের ঘাটতির কারণে সম্ভাব্য লোড-শেডিংয়ের বিষয়ে বৈদ্যুতিক স্থাপনার নিরাপত্তা জোরদার বিষয়ক বিদ্যুৎ বিভাগের ০২ মার্চ/২০২৫ তারিখের পত্রটি উপস্থাপন করেন। এই বিষয়ে লোড-শেডিং চলাকালে বৈদ্যুতিক স্থাপনার নিরাপত্তা জোরদারকরণের নিমিত্ত জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা ও বিভিন্ন নিরাপত্তা বাহিনীর প্রয়োজনীয় তদারকি ও নিয়মিত টহল কার্যক্রম বাড়ানোর জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি আরও জানান যে, আগামী এপ্রিল/২০২৫ মাস হতে লালমনিরহাট সদরে স্মার্ট প্রিপেইড মিটার স্থাপনের কার্যক্রম শুরু হবে। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	১। সঠিকভাবে মিটার দেখে বিদ্যুৎ বিল প্রণয়ন করতে হবে। ২। অবৈধ সংযোগের বিষয়ে পরিবীক্ষণ জোরদার করতে হবে।	১। নির্বাহী প্রকৌশলী নেসকো লিমিটেড লালমনিরহাট

(চলমান পাতা নং- ১০)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩৩.	কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি লালমনিরহাট	ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, লালমনিরহাট সভায় জানান যে, যথাযথভাবে মিটার রিডিং দেখে বিল প্রণয়ন ও তা পরিশোধের শেষ দিনের ৭(সাত) দিন পূর্বেই গ্রাহক প্রান্তে পৌছানো হচ্ছে এবং গ্রাহককে বিল প্রণয়নের সাথে সাথেই মোবাইল ম্যাসেজ এর মাধ্যমে জানানো হয়। ইতোমধ্যেই রাত ১১ টা থেকে পরের দিন সকাল ৭টা পর্যন্ত সময়ের মধ্যে সেচ পাম্প চালানোর পরামর্শ দিয়ে গ্রাহকদের উদ্দেশ্যে মাইকিং করা হয়েছে এবং আরো মাইকিং করা হবে।	১। সঠিকভাবে মিটার দেখে বিদ্যুৎ বিল প্রণয়ন করতে হবে। ২। অবৈধ সংযোগের বিষয়ে পরিবীক্ষণ জোরদার করতে হবে।	ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি লালমনিরহাট
৩৪.	জেলা শিক্ষা অফিস লালমনিরহাট	জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট সভায় জানান যে, মাধ্যমিক স্তরের মাদ্রাসা ও কারিগরি এবং ট্রেড এর বই গ্রহণ ও বিতরণ কার্যক্রম চলমান আছে। জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে কর্মরত কর্মকর্তাগণ কর্তৃক ৯০টি শিক্ষা প্রতিষ্ঠান আকস্মিক পরিদর্শন করেছেন। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতির হার মনিটরিং করা হচ্ছে। শিক্ষা অফিসের সহকারী পরিদর্শকবৃন্দ নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালনা করছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে শিক্ষার গুণগত মানোন্নয়ন বিষয়ে শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়ে থাকে।	১। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতি পরিবীক্ষণ জোরদার করতে হবে। ২। স্কুল পরিদর্শনের প্রতিবেদন পরিদর্শন রেজিস্টারের ফটোকপি এ কার্যালয়ের পাঠাতে হবে।	জেলা শিক্ষা অফিসার লালমনিরহাট
৩৫.	জেলা প্রাথমিক শিক্ষা অফিস লালমনিরহাট	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট সভায় জানান যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতি মনিটরিং জোরদার করার বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। স্কুল পরিদর্শনের প্রতিবেদন মহোদয়ের দপ্তরে প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। বিদ্যালয়সমূহে আকস্মিক পরিদর্শন অব্যাহত রাখা হয়েছে। এ বিষয়ে সকল উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। বিদ্যালয় পরিদর্শনে যাওয়া এবং আসার পথে প্রাপ্ত বিদ্যালয় সমূহ আকস্মিক দর্শন করতে বলা হয়েছে। একইসাথে WhatsApp এর মাধ্যমে প্রত্যেক সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে প্রতি সপ্তাহে ০৩টি বিদ্যালয় এবং প্রত্যেক উপজেলা শিক্ষা অফিসারকে প্রতি সপ্তাহে ০৫টি বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসারগণকে স্কুল পরিশর্নের সময় হাজিরা খাতায় মন্তব্য লিপিবদ্ধ এবং শিক্ষক উপস্থিতি/ অনুপস্থিতির বিষয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে।	১। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতি পরিবীক্ষণ জোরদার করতে হবে। ২। স্কুল পরিদর্শনের প্রতিবেদন এ কার্যালয়ে পাঠাতে হবে। ৩। বিদ্যালয়সমূহে আকস্মিক পরিদর্শন অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার লালমনিরহাট ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) লালমনিরহাট

(চলমান পাতা নং- ১১)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩৬.	লালমনিরহাট সরকারি কলেজ লালমনিরহাট	অধ্যক্ষ, লালমনিরহাট সরকারি কলেজ, লালমনিরহাট সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম নিম্নরূপ: ক. একাদশ ও দ্বাদশ শ্রেণিসহ অন্যান্য শ্রেণির নিয়মিত পাঠদান এবং ভিজিল্যান্স টিম সঠিকভাবে দায়িত্ব পালন। খ. শিক্ষার্থীদের প্রশংসাপত্র, প্রত্যয়নপত্র, চারিত্রিক সনদপত্র, সম্মতিপত্র, সনদপত্র, নম্বরপত্র প্রদান ও ভর্তি বাতিলের ব্যবস্থা গ্রহণ। গ. ২০২৩ সালের অনার্স ৩য় ও ৪র্থ বর্ষ ফরমপুরণ চলমান। ঘ. একাডেমিক সংক্রান্ত শিক্ষার্থীদের তথ্য প্রদান। ঙ.নিয়মিত কলেজ ক্যাম্পাসে পরিস্কার-পরিচ্ছন্নকরণ।	সরকারি বিধি মোতাবেক দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে।	অধ্যক্ষ লালমনিরহাট সরকারি কলেজ
৩৭.	মজিদা খাতুন সরকারি মহিলা কলেজ লালমনিরহাট	অধ্যক্ষ, মজিদা খাতুন সরকারি মহিলা কলেজ, লালমনিরহাট সভায় জানান যে, ক্লাশ বন্ধ আছে তবে বিভিন্ন পরীক্ষার ফরম পুরণসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।	সরকারি বিধি মোতাবেক দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে।	অধ্যক্ষ মজিদা খাতুন সরকারি মহিলা কলেজ লালমনিরহাট
৩৮.	সরকারি জসমুদ্দিন কাজী আঃ গণি কলেজ পাটগ্রাম	অধ্যক্ষ, সরকারি জসমুদ্দিন কাজী আঃ গণি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, নিয়মিতভাবে ক্লাশসমূহ চলছে। ছাত্রাবাস ও ছাত্রীনিবাস হস্তান্তর হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পাদন সম্পন্ন করতে হবে।	অধ্যক্ষ সরকারি জসমুদ্দিন কাজী আঃ গণি কলেজ,পাটগ্রাম
৩৯.	কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র লালমনিরহাট	অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, বর্তমান প্রশিক্ষণার্থী/ছাত্র-ছাত্রীর সংখ্যা:নিয়মিত কোর্স ১৭৩ জন, দেশ ও বিদেশ মোটর ড্রাইভিং কোর্সে- ৪০ জন, স্বল্প মেয়াদী কোর্স- ১২০ জন, সর্বমোট ৩৩৩ জনের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। উন্নয়ন কার্যক্রম: দেশ-বিদেশে মোটর ড্রাইভিং- গৃহীত প্রকল্প- ১টি, বরাদ্দ- ১৬,৫৪,০০০.০০ টাকা, বাস্তবায়নের হার ৯০%, ASSET Project- ১টি, বরাদ্দ- ৩৬,২৪,৬৪৬.০০ টাকা, বাস্তবায়নের হার- ৯০%।	বিভিন্ন ভাষা শিক্ষার কোর্স চালু রাখতে হবে।	অধ্যক্ষ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র লালমনিরহাট
৪০.	পিটিআই লালমনিরহাট	সুপারিনটেনডেন্ট, পিটিআই, লালমনিরহাট সভায় জানান যে, জানুয়ারি-অক্টোবর/২০২৫ সেশনে পরিমার্জিত ডিপিএড-বিটিপিটি প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।	সরকারি নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে।	সুপারিনটেনডেন্ট পিটিআই লালমনিরহাট
৪১.	লালমনিরহাট সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ	অধ্যক্ষ, লালমনিরহাট সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ লালমনিরহাট সভায় জানান, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ASSET প্রকল্পের আওতায় ৫টি অকুপেশনে (১) ড্রাইভিং (২) প্লাম্বিং (৩) কম্পিউটার অপারেশন (৪) ওয়েল্ডিং (৫) ইলেকট্রিক্যাল ইন্সট্রালেশন ও মেইনটেন্যান্স, (জানুয়ারি-এপ্রিল/২০২৫) ৪র্থ ব্যাচে ১২০ জন বেকার যুবক-যুবতীকে পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হয়েছে এবং তাদের ট্রেনিং কার্যক্রম চলছে। গৃহীত উন্নয়ন প্রকল্প/কর্মসূচির সংখ্যা- ১টি ওয়াশ ব্লক নির্মাণ, বরাদ্দ ১৫.০০ লক্ষ, বাস্তবায়নের হার ৮০%। ২য় তলা ভবনের ভাটিকেল এক্সটেনশন, বরাদ্দ ৬২.০০ লক্ষ, বাস্তবায়নের হার ১০%।	সরকারি বিধি বিধান অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং উন্নয়ন প্রকল্পের কাজ পরিবীক্ষণ করতে হবে।	অধ্যক্ষ লালমনিরহাট সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

(চলমান পাতা নং- ১২)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪২.	জেলা সমাজসেবা কার্যালয় লালমনিরহাট	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লালমনিরহাট সভায় জানান যে, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসহ রোগী কল্যাণ সমিতির আবেদন পত্র জমা হয়েছে ৫২টি। জাতীয় সমাজ কল্যাণ পরিষদের অর্থ দিয়ে সদর উপজেলায় দুটি ঘর নির্মাণ চলমান আছে। আদিতমারী উপজেলায় ৩টি ঘর নির্মাণ শুরু করা প্রয়োজন। ২০২৪-২৫ অর্থ বছরে ভিক্ষুক পুর্নবাসন খাতে জেলায় ৭১৬১২৪/-টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। দ্রুত জেলা কমিটির সভা করে উপজেলা পর্যায়ে প্রেরণ করা হবে। হাসপাতাল সমাজসেবা কার্যক্রম হতে ১৪০ জনকে ঔষধ, বিভিন্ন ধরণের পরীক্ষা ও যাতায়াত বাবদ ২১৪৬৪২/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।	১। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ২। সকল ভাতার পেরোল যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। ৩। ৬ (ছয়) মাস পর পর সকল ভাতাভোগীর লাইফ ভেরিফিকেশন করতে হবে এবং পরিবীক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয় লালমনিরহাট
৪৩.	যুব উন্নয়ন অধিদপ্তর লালমনিরহাট	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছর প্রশিক্ষণের সংখ্যা- পুরুষ ৮০৯ জন ও মহিলা- ১১৮১ জন। আত্মকর্মী- ৩৩৪ জন; ২০২৪-২০২৫ অর্থবছর =৪২,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।	১। বিভাগীয় কার্যক্রমসমূহ সরকারি বিধি মোতাবেক যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। ২। ঋণ আদায়ের হার বাড়াতে হবে।	উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর লালমনিরহাট
৪৪.	মহিলা বিষয়ক অধিদপ্তর লালমনিরহাট	উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, ভিডব্লিউবি কার্যক্রম: ইউনিয়ন সংখ্যা ৪৫টি, বরাদ্দকৃত সুবিধাভোগীর সংখ্যা-১২,২৯১ জন। মা ও শিশু সহায়তা প্রদান কার্যক্রম সংক্রান্ত: ৪৫টি ইউনিয়ন ও পৌরসভা ০২টি। বরাদ্দকৃত সুবিধাভোগীর সংখ্যা-১৯,৬৪৫ জন। জেলা কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম: ক্লাবের সংখ্যা ৪৭টি, কিশোর-কিশোরীর সংখ্যা- ১৪১০ জন।	বিভাগীয় কার্যক্রমসমূহ স্বাভাবিক রাখতে হবে এবং সরকারি বিধি মোতাবেক যথাযথভাবে সকল ভাতা প্রদান করতে হবে।	উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর লালমনিরহাট
৪৫.	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) লালমনিরহাট	উপপরিচালক, বিআরডিবি, লালমনিরহাট সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ক) সাংগঠনিক কার্যক্রম: ২০২৪-২৫ অর্থ বছরে সঞ্চয়ের লক্ষ্যমাত্রা (বছরে)- ১০.০২, বিবেচ্য মাসে অর্জন- ৬.০০; শেয়ার- ৪.১, বিবেচ্য মাসে অর্জন- ০.৩০। খ) ঋণ কার্যক্রম: ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা (বছরে)- ৩৫০.০০, বিবেচ্যমাসে বিতরণ- ১৪৫.৮২; ঋণ আদায়- ১০.০০। প্রশিক্ষণ কার্যক্রম: আয়বর্ধনমূলক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা (বছরে)- ৪০০ জন। উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা (বছরে)- ৫০০ জন ৬০ ঘন্টা প্রশিক্ষণ ০৩ ব্যাচে লক্ষ্যমাত্রা (বছরে)- ৫৪ জন। সর্বমোট- ৯৫৪ জন।	১। বিভাগীয় কার্যক্রমসমূহ স্বাভাবিক রাখতে হবে এবং সরকারি বিধি মোতাবেক যথাযথভাবে ঋণ প্রদান ও আদায় করতে হবে।	উপপরিচালক বিআরডিবি লালমনিরহাট
৪৬.	জেলা সমবায় অফিস লালমনিরহাট	জেলা সমবায় অফিসার, লালমনিরহাট সভায় জানান যে, হাতীবান্ধা ও পাটগ্রাম উপজেলার নারী উন্নয়ন সমবায় সমিতির যোগ্যতাভিত্তিক সদস্যদের ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে এবং সকল বিতরণকৃত সদস্যদের হতে ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে। গৃহীত উন্নয়ন প্রকল্প/কর্মসূচি- উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প; মোট বরাদ্দ =৪,৮০,০০,০০০/- টাকা। বাস্তবায়িত প্রকল্পের সংখ্যা- ০৪টি; বাস্তবায়নের হার ৬৭%।	১। প্রশিক্ষণার্থীর মধ্যে যোগ্যতা ভিত্তিক ঋণ বিতরণ করতে হবে। ২। ঋণ বিতরণের অর্থ যথাযথ-ভাবে আদায় করতে হবে।	জেলা সমবায় অফিসার লালমনিরহাট

(চলমান পাতা নং- ১৩)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪৭.	বাংলাদেশ রেলওয়ে বিভাগ লালমনিরহাট	ডিআরএম, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।	ডিআরএম বাংলাদেশ রেলওয়ে লালমনিরহাট
৪৮.	জেলা তথ্য অফিস লালমনিরহাট	জেলা তথ্য অফিসার, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, প্রামাণ্যচিত্র প্রদর্শনী ১৪টি, উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান ৫দিন, সড়ক প্রচার ১৬টি, উঠান বৈঠক ০২টি, নারী সমাবেশ ০২টি। জেলার সকল উন্নয়নমূলক কর্মকান্ডের তথ্য প্রচারের জন্য প্রয়োজন সাপেক্ষে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে সহযোগিতা করা হচ্ছে।	জেলার সকল উন্নয়নমূলক কর্মকান্ডের তথ্য প্রচারের জন্য প্রয়োজন সাপেক্ষে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে সহযোগিতা করতে হবে।	জেলা তথ্য অফিসার লালমনিরহাট
৪৯.	ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট সভায় জানান যে, লালমনিরহাট জেলা কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হচ্ছে। মডেল মসজিদের কাজকর্ম যথাযথভাবে তদারকি করা হচ্ছে। সদর উপজেলার মডেল মসজিদটির অসমাপ্ত কাজ শুরু হয়েছে। কালীগঞ্জ উপজেলার মডেল মসজিদটির নির্মাণ কাজ শেষ পর্যায় রয়েছে। শিগগিরই মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক উদ্বোধনের তালিকায় থাকায় ইমাম, মুয়াজ্জিন এবং খাদেম নিয়োগের নির্দেশ রয়েছে। তাই এ বিষয়ে উদ্যোগ নেয়া প্রয়োজন। হাতিবান্ধা উপজেলার ইমাম মুয়াজ্জিন খাদেমের নিয়োগে অস্বচ্ছতা থাকায় তদন্ত কমিটি কর্তৃক নিয়োগ বাতিলের সুপারিশ পাওয়া গেছে। তাই পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বচ্ছতার সাথে নিয়োগ কার্যক্রম চলমান।	১। দাপ্তরিক কার্যাদি যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ২। মডেল মসজিদসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ তদারকি করতে হবে। ৩। মডেল মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেম নিরপেক্ষভাবে যাচাই-বাছাই করে নিয়োগ দিতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) লালমনিরহাট। ২। উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন লালমনিরহাট
৫০.	পরিসংখ্যান বিভাগ লালমনিরহাট	উপপরিচালক, জেলা পরিসংখ্যান বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন স্থানীয় সরকার ব্যবস্থা সংস্কার বিষয়ে জাতীয় জনমত সংক্রান্ত জরিপ-২০২৫ এর লালমনিরহাট জেলার তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। "ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেজিং অব ইন্ডিসেস" প্রকল্প এর আওতায় ফেব্রুয়ারি/২০২৫ খ্রি. মাসের Wage Rate Index (WRI) এর মাসিক শিল্প উৎপাদন, উৎপাদন মূল্য ও মজুরি জরিপ এর কাজ চলমান রয়েছে।	১। বিভাগীয় কার্যক্রম যথাযথ-ভাবে চলমান রাখতে হবে। ২। সকল জরিপ কাজ যথাযথ-ভাবে সম্পন্ন করতে হবে।	উপপরিচালক জেলা পরিসংখ্যান অফিস লালমনিরহাট
৫১.	জেলা ক্রীড়া অফিস লালমনিরহাট	জেলা ক্রীড়া অফিসার, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।	জেলা ক্রীড়া অফিসার লালমনিরহাট

(চলমান পাতা নং- ১৪)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫২.	বন বিভাগ, লালমনিরহাট	সহকারী বন সংরক্ষক, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থবছরে আদিতমারী উপজেলায় ১০.০০ কি.মি. বাগান সৃজন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে বরাদ্দ সাপেক্ষে বিক্রয়/বিতরণের জন্য চারা উত্তোলনে কার্যক্রম: লালমনিরহাট এসএফএনটিসি- ১০,০০০টি, কালীগঞ্জ উপজেলায়- ৫,০০০টি, হাতীবান্ধা উপজেলায়- ৫,০০০টি, পাটগ্রাম উপজেলায়- ৫,০০০টি বরাদ্দ সাপেক্ষে উত্তোলন করা হবে। পলিপ্রোপাইল ব্যাগে মাটি ভরাট, বেডে সাজানো ও বীজ বপনের কাজ চলমান। অবৈধ করাতকল উচ্ছেদ অভিযান ও আইনগত ব্যবস্থা গ্রহণ চলমান আছে।	জেলার লাইসেন্সবিহীন করাত কলের তালিকা তৈরি করে অবৈধ করাতকল উচ্ছেদ/বন্ধের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী বন সংরক্ষক সামাজিক বনায়ন ও নার্সারি লালমনিরহাট
৫৩.	বিআরটিএ লালমনিরহাট	সহকারী পরিচালক, বিআরটিএ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক বিআরটিএ লালমনিরহাট
৫৪.	পাট অধিদপ্তর লালমনিরহাট	মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" এর আওতায় ফেব্রুয়ারি/২০২৫ মাসে পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা-০২টি, মামলার সংখ্যা-০২টি এবং জরিমানা হয়েছে ১,০০০/- টাকা। এ পর্যন্ত লাইসেন্স প্রদান করা হয়েছে-১৭১টি। মোট রাজস্ব আদায় ১,৪২,৫০০/- টাকা। পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০- এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০- এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	মুখ্য পরিদর্শক পাট অধিদপ্তর লালমনিরহাট
৫৫.	জেলা রেজিস্ট্রার অফিস লালমনিরহাট	জেলা রেজিস্ট্রার, লালমনিরহাট সভায় জানান যে, ফেব্রুয়ারি, ২০২৫ মাসে সদর উপজেলায়- ৫০২ খানা, আদিতমারী উপজেলায় ৪২৫ খানা, কালীগঞ্জ উপজেলায়- ৫৭০ খানা, হাতীবান্ধা উপজেলায়- ৫৫১ খানা এবং পাটগ্রাম উপজেলায় ৫৪৬ খানা সর্বমোট ২,৫৯৪ খানা দলিল রেজিস্ট্রি হয়েছে।	সরকারি বিধি মোতাবেক দাপ্তরিক ও উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।	জেলা রেজিস্ট্রার লালমনিরহাট
৫৬.	মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম লালমনিরহাট	সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, লালমনিরহাট সভায় জানান যে, জেলার মোট শিক্ষাকেন্দ্রে সংখ্যা ১০৯টি তম্মধ্যে ৭৬টি প্রাক-প্রাথমিক, ১৫টি ধর্মীয় শিক্ষা ও ১৮টি ধর্মীয় শিক্ষা (বয়স্ক)। সকল শিক্ষাকেন্দ্রের পাঠদান চলমান রয়েছে। শিক্ষাকেন্দ্রসমূহে পাঠ্যপুস্তকসহ অন্যান্য শিক্ষা উপকরণ পদান করা হয়েছে। শিক্ষাকেন্দ্রেসমূহ নিয়মিত পরিবীক্ষণ করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ বিষয়ে সভায় আলোচনা হয়।	১। মন্দির ভিত্তিক শিশু ও গণ শিক্ষা কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে নিয়মিত পরিদর্শন আরো বাড়াতে হবে। ২। শিক্ষাকেন্দ্রেসমূহ নিয়মিত পরিবীক্ষণ করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক গণশিক্ষা কার্যক্রম লালমনিরহাট

(চলমান পাতা নং- ১৫)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫৭.	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তার কার্যালয় লালমনিরহাট	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, ফেব্রুয়ারি ২০২৫খ্রি. মাসে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র লালমনিরহাট হতে ১২৫ জন প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের মোট ৯৫৫ টি সেবা (সার্ভিস ট্রানজেকশন) প্রদান করা হয়েছে । এছাড়াও ফেব্রুয়ারি ২০২৫খ্রি. মাসে ০৬ টি ভ্রাম্যমাণ থেরাপি ক্যাম্পেইন পরিচালনা করা হয়েছে এবং উক্ত ক্যাম্পেইনে ১৮৯ জন রোগীকে ফিজিওথেরাপি, অকুপেশনাল থেরাপি ও অন্যান্য প্রয়োজনীয় সেবা প্রদান করা হয়েছে।	বিভাগীয় কার্যক্রমসমূহ স্বাভাবিক রাখতে হবে এবং সেবাসমূহের প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা লালমনিরহাট
৫৮.	জেলা সঞ্চয় অফিস লালমনিরহাট	সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে দপ্তরের কার্যক্রম উপস্থাপনের অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক জেলা সঞ্চয় অফিস লালমনিরহাট
৫৯.	আঞ্চলিক পাসপোর্ট অফিস লালমনিরহাট	সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম উপস্থানের জন্য অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক আঞ্চলিক পাসপোর্ট অফিস লালমনিরহাট
৬০.	উপ-কর কমিশনারের অফিস লালমনিরহাট	উপ-কর কমিশনার, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম উপস্থানের জন্য অনুরোধ করা হয়।	উপ-কর কমিশনার লালমনিরহাট
৬১.	এক্সাইজ ও ভ্যাট বিভাগ লালমনিরহাট	সহকারী/উপ-কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, লালমনিরহাট সভায় তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।	সহকারী কমিশনার কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ লালমনিরহাট
৬২.	জাতীয় মহিলা সংস্থা লালমনিরহাট	চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, লালমনিরহাট এর প্রতিনিধি নিম্নোক্তভাবে কার্যক্রম উপস্থাপন করেন: ১। সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণ কোর্স (২য় ব্যাচ): ক) প্রথম শিফট ১৫ জন ও খ) দ্বিতীয় শিফট ১৫ জন ২। মহিলাদের কম্পিউটার কোর্স (২য় ব্যাচ): ক) সকল শিফট কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন ২৫ জন খ) বিকাল শিফট গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং ২৫ জন ৩।তৃণমূল পর্যায় অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প: ক) ফ্যাশন সাধন প্রকল্প, খ) বিউটিফিকেশন ৫০ জন, গ) ক্যাটারিং ৫০ জন, ঘ) ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট ৫০ জন। প্রশিক্ষণসমূহ যেন ডুপ্লিকেশন না হয় সেদিকে নজর দেওয়া এবং উন্নয়নে কাজ করার বিষয়ে আলোচনা করা হয়।	১। সরকারি নীতিমালা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। ২। প্রশিক্ষণসমূহে যেন ডুপ্লিকেশন না হয় সেদিকে নজর দিতে এবং উন্নয়নে কাজ করতে হবে।	চেয়ারম্যান জাতীয় মহিলা সংস্থা লালমনিরহাট

(চলমান পাতা নং- ১৬)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৬৩.	বাংলাদেশ শিশু একাডেমি লালমনিরহাট	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, লালমনিরহাট সভায় জানান যে, এ জেলার ৪+ এবং ৫+ বয়সী শিশুদের নিয়ে শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক নামে ২টি কেন্দ্র ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম চলমান। নতুন বছরে সংগীত, নৃত্য, আবৃত্তি এবং চিত্রাঙ্কন বিভাগে ভর্তি চলছে মর্মে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।	সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা লালমনিরহাট
৬৪.	বিসিক, লালমনিরহাট	উপ ব্যবস্থাপক, বিসিক, লালমনিরহাট সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ১। ঋণ আদায়: বিনিত-২,৫২,০০০/-; প্রনোদনা-৩,৮১,০০০/-, মৌ চাষ প্রকল্প- নাই; বিতরণ: ২৯,৭০,০০০/-; ২। শিল্প নিবন্ধন: কুটির শিল্প- ০২টি, মাইক্রো- ১টি ও ৩। লিজ ডিড সম্পাদন -০১টি।	১। সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। ২। অবশিষ্ট প্লট জরুরিভিত্তিতে বরাদ্দ প্রদান করতে হবে।	উপ-ব্যবস্থাপক বিসিক লালমনিরহাট
৬৫.	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন লালমনিরহাট	উপ-পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, লালমনিরহাট সভায় জানান যে, সকল কার্যক্রম চলমান রয়েছে। মোট ৬০২ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। প্রশিক্ষণে জেলা পর্যায়ের কর্মকর্তাদের ক্লাস নেওয়ার বিষয়ে আলোচনা হয়।	১। সকল কার্যক্রম সরকারি বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। ২। প্রশিক্ষণে জেলা পর্যায়ের কর্মকর্তাদের ক্লাস নেওয়ার বিষয়ে দাওয়াত পত্র দিতে হবে।	উপপরিচালক পল্লীদারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন লালমনিরহাট
৬৬.	জেলা কালচারাল অফিসারের কার্যালয় লালমনিরহাট	জেলা কালচারাল অফিসার, লালমনিরহাট সভায় জানান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২২-২৪ ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত ০৩ দিন ব্যাপী "লোকনাট্য সমারোহ" উৎসব-২০২৫ অনুষ্ঠিত হয়।	সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।	জেলা কালচারাল অফিসার লালমনিরহাট
৬৭.	বীমা কর্পোরেশন লালমনিরহাট	ম্যানেজার, বীমা কর্পোরেশন, লালমনিরহাট সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।	ম্যানেজার জীবন বীমা কর্পোরেশন লালমনিরহাট
৬৮.	ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস লালমনিরহাট	ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, লালমনিরহাট সভায় জানান যে, এ মাসে বোনাস ও বেতনসহ ০৪টি করে বিল দেওয়া হয়েছে। ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে শনিবার অফিস খোলা থাকবে।	সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।	ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার লালমনিরহাট
৬৯.	শ্রম কল্যাণ কেন্দ্র লালমনিরহাট	উপপরিচালক, শ্রম কল্যাণ কেন্দ্র, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।	উপপরিচালক শ্রম কল্যাণ কেন্দ্র, লালমনিরহাট
৭০.	ঔষধ প্রশাসন লালমনিরহাট	ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	ঔষধ তত্ত্বাবধায়ক ঔষধ প্রশাসন লালমনিরহাট
৭১.	আঞ্চলিক চা বোর্ড লালমনিরহাট	বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক চা বোর্ড, লালমনিরহাট সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম নিম্নরূপ: ১) চা আবাদি সম্প্রসারণ- ৪.৭৬ একর ২) কারিগরি প্রশিক্ষণ প্রদান- ৫ টি ৩) চা চাষে উদ্বুদ্ধকরণ কর্মসূচি- ২ টি ৪) বিনামূল্যে চা চারা বিতরণ- ২,০৯,৭০০টি ৫) অধিগ্রহণকৃত জমিতে অফিস ভবন নির্মাণ- ১ টি।	সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা আঞ্চলিক চা বোর্ড

(চলমান পাতা নং- ১৭)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৭২.	জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস লালমনিরহাট	সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), কর্মসংস্থান ও জনশক্তি অফিস, লালমনিরহাট সভায় জানান যে, বিশ্বের বিভিন্ন দেশের কর্মসংস্থানের উদ্দেশ্যে অত্র ডিইএমও, ফেব্রুয়ারি/২০২৫খ্রিঃ মাসে বিএমইটি ডাটাবেজে ৪৩ জন কর্মীর রেজিস্ট্রেশন এবং আমি প্রবাসী এ্যাপস এর মাধ্যমে রেজিস্ট্রেশন ধারীসহ মোট ৪০ জনের ফিঙ্গার গ্রহণ করেছেন। বিভিন্ন দেশে কর্মসংস্থানের উদ্দেশ্যে লালমনিরহাট জেলা থেকে ফেব্রুয়ারি/ ২০২৫ মাসে সর্বমোট ১০১ জন কর্মী বিদেশ গমন করেছেন। এর মধ্যে পুরুষকর্মী ৯৩ জন ও মহিলাকর্মী ৮জন।	সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।	সহকারী পরিচালক কর্মসংস্থান ও জনশক্তি অফিস লালমনিরহাট
৭৩.	পরিবেশ অধিদপ্তর লালমনিরহাট	সহকারী পরিচালক, পরিবেশ অধিপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, ফেব্রুয়ারি মাসে ছাড়পত্র প্রদান-০৫টি, নবায়ন প্রদান- ০৪টি, এনফোর্সমেন্ট (মোবাইলে কোর্টসহ): ০১টি ইটভাটায় মোবাইল কোর্ট পরিচালনা করে ১,০০,০০০/- টাকা জরিমানা ধার্য ও আদায় করা হয়। অভিযোগ নিষ্পত্তি: ০১টি: এবং রাজস্ব আয়: ১,০৪,৫০০/-। উল্লেখযোগ্য অর্জন: জনসাধারণের সেবা দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য অনলাইনে ছাড়পত্রের আবেদন গ্রহণ ও প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও জেলা প্রশাসনের সহায়তায় পরিবেশ অধিদপ্তর, লালমনিরহাট জেলা কার্যালয় অধিক্ষেত্রে ৯৮.১৫%ইটভাটা আধুনিক প্রযুক্তিতে রূপান্তর করা হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত রয়েছে।	সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।	সহকারী পরিচালক পরিবেশ অধিপ্তর লালমনিরহাট
৭৪.	বিবিধ	৭৪.১) পরিবেশ দূষণ রোধকল্পে এবং প্লাস্টিকের পরিবর্তে পাটজাত পণ্য ব্যবহারের বিষয়ে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং সকলকে মতামত দেয়ার অনুরোধ জানান। আলোচনান্তে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা প্রশাসনের সহযোগিতায় লালমনিরহাট জেলার সকল পৌরসভা, জেলা পরিষদ এবং উপজেলা পরিষদ নিজ নিজ অধিক্ষেত্রে পাটের ব্যাগ জনসাধারণের মধ্যে বিনামূল্যে বিতরণ করা যেতে পারে মর্মে সভায় মতামত প্রকাশ করা হয়। পাট দিবস, ২০২৫ উপলক্ষ্যে জেলা পর্যায়ের সকল অফিসারগণকে ০১টি করে পাটের ব্যাগ বিতরণ করা হয়।	জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা প্রশাসনের সহযোগিতায় লালমনিরহাট জেলার সকল পৌরসভা, জেলা পরিষদ এবং উপজেলা পরিষদ নিজ নিজ অধিক্ষেত্রে পাটের ব্যাগ জনসাধারণের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	জেলা ও উপজেলা প্রশাসন
		৭৪.২) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় মহোদয় কর্তৃক প্রেরিত আধা-সরকারি পত্রখানা সভায় পাঠ করে শোনানো হয়। উক্ত আধা-সরকারি পত্রে ঝুঁকিপূর্ণ কাজসহ সকল ধরণের শিশুশ্রম নিরসনের লক্ষ্যে সরকার ILO Convention 182 অনুসমর্থন করায় তা বাস্তবায়নের জন্য জেলা ও উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি'র কার্যক্রম জোরদার করার মাধ্যমে শিশুশ্রম নিরসনের বিষয়টিকে সামাজিক আন্দোলনে রূপ দেওয়ার পাশাপাশি স্ব স্ব জেলাকে শিশুশ্রম মুক্ত ঘোষণা করার লক্ষ্যে সক্রিয় ভূমিকা ও ঐকান্তিক সহযোগিতা কামনা করা হয়েছে। আলোচনান্তে জেলা ও উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি'র কার্যক্রম জোরদার করার মাধ্যমে শিশুশ্রম নিরসনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।	২) জেলা ও উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি'র কার্যক্রম জোরদার করার মাধ্যমে শিশুশ্রম নিরসনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপপরিচালক, শ্রম কল্যাণ অধিদপ্তর, লালমনিরহাট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) লালমনিরহাট ২. উপপরিচালক শ্রম কল্যাণ অধিদপ্তর লালমনিরহাট

(চলমান পাতা নং- ১৮)

ক্র:নং	বিভাগ/প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		৭৪.৩) অনুপস্থিত তালিকা: সভায় কোন সদস্য পর পর ০৩ (তিন) সভায় অনুপস্থিত থাকলে অনুপস্থিতির বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন প্রেরণ করার বিধান রয়েছে হেতু এ সভায় অনুপস্থিত সদস্যদের তালিকা সংযুক্ত করা হলো (কপি সংযুক্ত)।	৩) সভায় অনুপস্থিত থাকলে অনুপস্থিতির বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন প্রেরণের জন্য অনুপস্থিত সদস্যদের তালিকা সংরক্ষণ করতে হবে।	৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লালমনিরহাট

৩। পরিশেষে, সকল বিভাগের কর্মকর্তা-কর্মচারিদের সংবিধানের আলোকে সচিবালয় নির্দেশমালা-২০২৪ অনুসরণ, রুলস অব বিজনেস এবং এ্যালোকেশন অব বিজনেস অনুসরণ করে পত্র প্রেরণ, সরকারি নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন এবং পারস্পারিক সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম মনিটরিং করাসহ ও সেবার মনোভাব নিয়ে দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ন করার জন্য সকল বিভাগের কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

৪। অতঃপর, সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে সেবার মনোভাব নিয়ে সততা ও নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ জানানো হয় এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১.০৪.২৫

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭ (অফিস)
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(সাধারণ শাখা)
www.lalmonirhat.gov.bd

নং ০৫.৪৭.৫২০০.০০৫.০৮.০০১.২৫. - ৬৮০ (১২০)

তারিখ: ২৮ চৈত্র, ১৪৩১
০২ এপ্রিল ২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
০১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
০২) সিনিয়র সচিব..., মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়;
০৩) সচিব..., মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর;
০৫) .... (জেলা পর্যায়ের সকল কর্মকর্তা), লালমনিরহাট;
০৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
০৭) জনাব ....

০১/০৪/২৫

(মোঃ মাহবুবুর রহমান)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
সদস্য সচিব
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯৯৮৬৮৬৫
adcglalmonirhat@mopa.gov.bd

পরিশিষ্ট-'খ'

মার্চ, ২০২৫ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার অনুপস্থিত কর্মকর্তার নাম ও পদবি।

ক্রম	অনুপস্থিত কর্মকর্তার নাম ও পদবি	মন্তব্য
১	ডিআরএম, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট	
২	সহকারী পরিচালক, বীজ বিপণন, লালমনিরহাট	
৩	সহকারী পরিচালক, ভোক্তা অধিদপ্তর, লালমনিরহাট	
৪	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা,মসলা গবেষণা উপকেন্দ্র, লালমনিরহাট	
৫	সিনিয়র সহকারী পরিচালক, বীজ বিপণন, লালমনিরহাট	
৬	জেলা ক্রীড়া অফিসার, লালমনিরহাট	
৭	সহকারী পরিচালক, বিআরটিএ, লালমনিরহাট	
৮	সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিসার, লালমনিরহাট	
৯	সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, লালমনিরহাট	
১০	উপ-কর কমিশনার, লালমনিরহাট	
১১	ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, লালমনিরহাট	

০৭/০৪/২৫

(মোঃ মাহবুবুর রহমান)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
সদস্য সচিব
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯৯৮৬৮৬৫